

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ মহিলা ও পর্দা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## অবরোধ প্রথা কি ইসলামে স্বীকৃত?

ইসলামে অবরোধ প্রথা নেই। ইসলামে আছে পর্দার বিধান। মহিলার কর্মস্থল মাঠে-ঘাটে, কল-কারখানায়, অফিস-ক্লাবে নয়। ইসলাম মহিলাকে বাড়িতে থাকতে নির্দেশ দেয়। কুরআন বলে, "তোমরা স্বগৃহে অবস্থান কর এবং (প্রাক ইসলাম) জাহেলী যুগের মত নিজেদেরকে প্রদর্শন করে বেড়িয়ো না।" (আহ্যাবঃ ৩৩) হাদিস বলে, "তাদের ঘরই তাদের জন্য উত্তম।" ৫৩০ (আবৃ দাউদ ৫৭৬ নং)

তার মানে এই নয় যে, তারা ঘরের ভিতরে অর্গলবদ্ধ ও অবরুদ্ধ থাকবে। বরং তারা প্রয়োজনে পর্দার সাথে বের হতে পারবে। তবে তারা (প্রাক ইসলাম) জাহেলী যুগের মত নিজেদেরকে প্রদর্শন করে বেড়াতে পারবে না। তাঁদেরকে মসজিদে যেতে বাঁধা দেওয়া যাবে না। তবে তারা সুগিদ্ধি বিলিয়ে বের হতে পারবে না। তারা প্রয়োজনে মাঠে ঘাটে ও বাজারে যেতে পারে। তবে 'ছল করে জল আনতে যাওয়া'র মতো মামুলী প্রয়োজনে বাজারে বাজারে বিড়াবে না।

মহিলা হেরেমের বন্দিনি নয়। যদিও কোন কোন পরিবেশে বাড়াবাড়ি করে তাকে বন্দিনী করে রাখা হয়। স্বামী স্ত্রী কর্তা বলে কোন কোন পুরুষ তার উপর অবৈধ কর্তৃত্ব করে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=408

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন